গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৬৭.০২.০০৩.২০১৭-৩১০

তারিখ : ১০ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ / ২৫ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বি. সি. এস. (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাদের "সরকারি কলেজের শিক্ষক বদলি/পদায়ন নীতিমালা-২০২০" অনুযায়ী অনলাইনে বদলির আবেদন দাখিল করতে হবে মর্মে বলা হয়েছে। একই সঙ্গে অনলাইন ব্যতীত অন্য কোন উপায়ে প্রেরিত/পেশকৃত আবেদন বিবেচনা করা হবে না মর্মেও বদলি/পদায়ন নীতিমালা-২০২০-এ উল্লেখ রয়েছে।

০২। বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের **অধ্যাপক** পর্যায়ের কর্মকর্তাগণকে বদলি/পদায়ন নীতিমালা ২০২০ অনুযায়ী অধ্যক্ষ-এর শূন্য পদে বদলি/পদায়নের নিমিত্ত আগামী **০১/০৯/২০২৪ তারিখ হতে ১৫/০৯/২০২৪** তারিখ পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটের (www.shed.gov.bd/ www.dshe.gov.bd) সংশ্লিষ্ট লিংক ব্যবহার করে অনলাইনে আবেদন করার পরামর্শ প্রদান করা হয়েছে। উক্ত আবেদনসমূহ অধ্যক্ষ/উপাধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানগণ ১৬/০৯/২০২৪ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর অগ্রায়ণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫/৮/২৪

(চৌধুরী সামিয়া ইয়াসমীন)
উপসচিব (কলেজ-২ শাখা)
ফোন: ০২৫৫১০০৭২৭

নং- ৩৭.০০.০০০০.০৬৭.০২.০০৩.২০১৭-৩১০

তারিখ : ১০ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ / ২৫ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা ।
২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. অধ্যক্ষ.....(সকল কলেজ)
৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অতিরিক্ত সচিব (কলেজ) মহোদয়র ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।

(চৌধুরী সামিয়া ইয়াসমীন)
উপসচিব (কলেজ-২ শাখা)